

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৩ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০১৭.১৮.০০৩.২১-২৫৭—“সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিক (রেটিং) ভর্তির সমন্বিত পরীক্ষা (সংশোধিত) নীতিমালা-২০২৪” এর ধারা-৫ (চ), ৬, এবং ৭ (খ) নিম্নরূপে সংশোধনপূর্বক প্রতিস্থাপন করা হলো:—

৫ (চ) সমন্বিত নাবিক (রেটিং) ভর্তি কমিটির রূপরেখা নিম্নরূপ:

(১)	মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা	আহ্বায়ক
(২)	উপসচিব, নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়	সদস্য
(৩)	চীফ নটিক্যাল সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা	সদস্য
(৪)	চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা	সদস্য
(৫)	সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
(৬)	কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন, নৌপরিবহন অধিদপ্তর	সদস্য-সচিব

৬। প্রার্থী নির্বাচন পদ্ধতি ও ফলাফল

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মূল্যায়ন;

লিখিত পদ্ধতিতে মোট ১০০ নম্বরের প্রশ্নের বিষয়ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ:

গণিত-৩০, ইংরেজি-৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান-৩৫;

পাশ নম্বর ৪০%।

(১৬৯৯৩)

মূল্য : টাকা ৪.০০

৭। মৌখিক পরীক্ষা, প্রাথমিক শারীরিক যোগ্যতা ও চক্ষু পরীক্ষা

(খ) লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি সমন্বিত মেধা তালিকা প্রণয়ন করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে সামগ্রিক মূল্যায়নের ভিত্তিতে মেধা তালিকা চাহিদার ৩ (তিন) গুণ আকারে প্রকাশ করা হবে;

কার্যকারিতা:

নীতিমালাটি ২৫ মার্চ ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নুরুন্নাহার চৌধুরী, এনডিসি
সচিব।